

গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার  
বাংলাদেশ নিরাপদ খাদ্য কর্তৃপক্ষ  
জেলা কার্যালয়, নারায়ণগঞ্জ  
হোল্ডিং নং-০৩, ওয়ার্ড নং-০৯, মাসদাইর, নারায়ণগঞ্জ  
[www.bfsa.narayanganj.gov.bd](http://www.bfsa.narayanganj.gov.bd)

স্মারক নম্বর: ১৩.০২.৬৭০০.০০১.৪৭.০০১.২৩-৭৬

তারিখ: ২০ আগস্ট ২০২৩

বিষয়ঃ নূর ফুড প্রোডাক্টস কর্তৃক প্রস্তুতকৃত টমেটো কেচাপ নমুনা মাত্রাতিরিক্ত বেনজয়িক এসিডের উপস্থিতি সনাক্ত হওয়ায় উক্ত খাদ্য ও খাদ্যপণ্য প্রত্যাহার প্রসঙ্গে।

উপর্যুক্ত বিষয়ের আলোকে আপনার অবগতির জন্য জানানো যাচ্ছে যে, ২০২২-২৩ অর্থবছরে কর্তৃপক্ষের নির্দেশক্রমে গত ১৯/০৬/২০২৩ খ্রি. তারিখে মেসার্স জে. বি. এল ট্রেডিং; ২১ নং সিরাজদ্দৌলা রোড, ফলপট্টি, নারায়ণগঞ্জ থেকে মারুফা আক্তার, নমুনা সংগ্রহ সহকারী কর্তৃক নূর টমেটো কেচাপ-এর নমুনা সংগ্রহ করা হয়। সংগৃহীত নূর ফুড প্রোডাক্টস কর্তৃক প্রস্তুতকৃত ও বাজারজাতকৃত কেচাপের নমুনা বিসিএসআইআর ল্যাবরেটরিতে বেনজয়িক এসিডের উপস্থিতি পরীক্ষা করা হয়। ল্যাবরেটরি হতে প্রাপ্ত রিপোর্ট বিশ্লেষণ করে দেখা যায় যে, আপনার প্রতিষ্ঠানের নিম্নে উল্লিখিত ব্যাচের কেচাপে মাত্রাতিরিক্ত ক্ষতিকর বেনজয়িক এসিড ( $C_6H_5COOH$ ) এর উপস্থিতি রয়েছে। উল্লেখ্য যে, BDS Standard 530:2002 অনুযায়ী টমেটো কেচাপে বেনজয়িক এসিডের গ্রহণযোগ্য মাত্রা ৭৫০ পিপিএম নির্ধারিত আছে।

এমতাবস্থায়, পত্র প্রাপ্তির ০২ (দুই) কার্যদিবসের মধ্যে প্রত্যাহারে পরিকল্পনা দাখিলসহ ('নিম্নমানের, ঝুঁকিপূর্ণ বা বিষাক্ত পদার্থযুক্ত খাদ্যদ্রব্য প্রত্যাহার প্রবিধানামালা, ২০২১' মোতাবেক) অনতিবিলম্বে নিম্নে উল্লিখিত ব্যাচের টমেটো কেচাপ মানবস্বাস্থ্যের জন্য ঝুঁকিপূর্ণ বিধায় বাজার থেকে প্রত্যাহার করতঃ চেয়ারম্যান বাংলাদেশ নিরাপদ খাদ্য কর্তৃপক্ষ বরাবর পূর্ণ বিবরণ প্রেরণের জন্য নির্দেশক্রমে অনুরোধ করা হলো।

নমুনার নাম ও প্রয়োজনীয় তথ্য	পরীক্ষাগার হতে প্রাপ্ত ফলাফল (বেনজয়িক এসিডের পরিমাণ)	BDS 512:2017 এবং BDS 530:2002 অনুযায়ী সসে ও কেচাপে বেনজয়িক এসিডের গ্রহণযোগ্য মাত্রা
নূর টমেটো কেচাপ ব্যাচ নং- ২গঙ১৫৩ উৎপাদনের তারিখঃ মে ২০২৩ মেয়াদঃ এপ্রিল ২০২৪	১১৯৭.০০ পিপিএম	৭৫০ পিপিএম

উল্লেখ্য 'নিম্নমানের, ঝুঁকিপূর্ণ বা বিষাক্ত পদার্থযুক্ত খাদ্যদ্রব্য প্রত্যাহার প্রবিধানামালা, ২০২১' অনুযায়ী খাদ্য প্রত্যাহার কার্যক্রম পরিচালনা করা আবশ্যিক।

সংযুক্তিঃ

- ১) নমুনা পরীক্ষার রিপোর্ট
- ২) BDS Standard 530:2002
- ৩) ঝুঁকিপূর্ণ বা বিষাক্ত পদার্থযুক্ত খাদ্যদ্রব্য প্রত্যাহার প্রবিধানামালা, ২০২১

ব্যবস্থাপনা পরিচালক  
নূর ফুড প্রোডাক্টস  
ডি/৮৩, মৌচাক সড়ক, মিজমিজি  
সিদ্ধিরগঞ্জ, নারায়ণগঞ্জ, বাংলাদেশ

*Asst. Manager*  
আবদুস বাকির (Manager)

০১৭৩২৬৬০৫৩৩

*20/08/23*  
মোহাঃ রৌশন আরা বেগম (অদা.)  
নিরাপদ খাদ্য অফিসার  
বাংলাদেশ নিরাপদ খাদ্য কর্তৃপক্ষ  
জেলা কার্যালয়, নারায়ণগঞ্জ

স্মারক নম্বর: ১৩.০২.৬৭০০.০০১.৪৭.০০১.২৩-৭৬

তারিখ: ২০ আগস্ট ২০২৩

**সদয় জ্ঞাতার্থে ও কার্যার্থে (জ্যেষ্ঠতার ক্রমানুসারে নয়) :**

- ১। সদস্য ( জনস্বাস্থ্য ও পুষ্টি), বাংলাদেশ নিরাপদ খাদ্য কর্তৃপক্ষ।
- ২। সচিব, বাংলাদেশ নিরাপদ খাদ্য কর্তৃপক্ষ।
- ৩। প্রধান নির্বাহী কর্মকর্তা, নারায়ণগঞ্জ সিটি কর্পোরেশন, নারায়ণগঞ্জ।
- ৪। পরিচালক (খাদ্যের বিশুদ্ধতা পরিবীক্ষণ ও বিচারিক কার্যক্রম বিভাগ), বাংলাদেশ নিরাপদ খাদ্য কর্তৃপক্ষ।
- ৫। পরিচালক (খাদ্য পরীক্ষাগার নেটওয়ার্ক সমন্বয়), বাংলাদেশ নিরাপদ খাদ্য কর্তৃপক্ষ।
- ৬। সহকারী কমিশনার, গোপনীয় শাখা (জেলা প্রশাসক মহোদয়ের সদয় অবগতির জন্য), নারায়ণগঞ্জ।
- ৭। পিএস টু চেয়ারম্যান (চেয়ারম্যান মহোদয়ের সদয় অবগতির জন্য), বাংলাদেশ নিরাপদ খাদ্য কর্তৃপক্ষ
- ৮। নথি